

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং - ৮০.০০.০০০০.১১৩.১১.১৮.২০১৭-

তারিখ : ২৬ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ১০ম ফ্রেডের ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল, কম্পিউটার, সিভিল ও ইলেকট্রনিক্স) ০৪ ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ১০ম ফ্রেডের ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল, কম্পিউটার, সিভিল ও ইলেকট্রনিক্স) চার ক্যাটাগরি পদে নিয়োগের জন্য ৩ ঘন্টা ব্যাপী বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল বিষয়-৬০ অর্থাৎ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্ন লিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

কেন্দ্রের নাম	পদের নাম ও বিজ্ঞপ্তি নম্বর ও তারিখ	তারিখ, দিন ও সময়
সরকারী সংগীত মহাবিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।	'ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)' বিজ্ঞপ্তি নং-৮৮ তারিখ: ১০/১১/২০১৬	১৫/৪/২০১৮ তারিখ রোজ -রবিবার দুপুর ০১.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা।
	'ইন্সট্রাক্টর (কম্পিউটার)' বিজ্ঞপ্তি নং-৮৯ তারিখ: ১০/১১/২০১৬	১৮/৪/২০১৮ তারিখ রোজ - বুধবার দুপুর ০১.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা।
	'ইন্সট্রাক্টর (সিভিল)' বিজ্ঞপ্তি নং-৯০ তারিখ: ১০/১১/২০১৬	২২/৪/২০১৮ তারিখ রোজ -রবিবার দুপুর ০১.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা।
	'ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স)' বিজ্ঞপ্তি নং-৯১ তারিখ: ১০/১১/২০১৬	২৪/৪/২০১৮ তারিখ রোজ -মঙ্গলবার দুপুর ০১.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা।

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- (১) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে পরীক্ষার্থীগণ আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা হলে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ০২ (দুই) ঘন্টার মধ্যে কোনো পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- (২) বিশেষভাবে উল্লেখ্য, প্রত্যেক প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- (৩) প্রার্থীদেরকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বই পুস্তক, ব্যাগ, কোনো প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা কোনো প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর অবশ্যই একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- (৪) এ পরীক্ষায় কোনো রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।
- (৫) পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।

ক্রমশ...../২

- (৬) উপরিউক্ত ০৪ ক্যাটাগরির পদে নিয়োগের জন্য প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ তাদের স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের (www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর (<http://bpsc.teletalk.com.bd>) ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- (৭) এই বিজ্ঞপ্তিটি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইট এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(১৩১
০৩/০৪/২০২১)

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(অতিরিক্ত সচিব)